

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের আওতাধীন বিভাগীয়/মাঠ পর্যায়ের কার্যালয় (প্রয়োজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদন-এর ২০২১-২০২২ অর্থবছরের ৩য় কোয়ার্টারের প্রতিবেদন পর্যালোচনা ও ফিডব্যাক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : কাজী আবেদ হোসেন
পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)।
সভার তারিখ ও সময় : ২১ এপ্রিল, ২০২২ খ্রি., বেলা ১২.০০ ঘটিকা।
সভার স্থান : অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-৭)
সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদন পর্যালোচনা ও ফিডব্যাক প্রদানের বিষয়টি জাতীয় শুদ্ধাচার কৌশল এর সূচক ১.৭ এর অন্তর্ভুক্ত করা হয়েছে। তিনি সরকারের এ কার্যক্রমকে সফলভাবে বাস্তবায়ন করতে সমন্বিতভাবে কাজ করার বিষয়ে সকলকে আহ্বান জানান। সুশাসন প্রতিষ্ঠায় সকলকে ‘স্বচ্ছতা ও জবাবদিহিতা’ নিশ্চিতকরণে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণেও তিনি গুরুত্বারোপ করেন।

২। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

- ২.১। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর কর্মসম্পাদনের সকল সূচকের লক্ষ্যমাত্রা ত্রৈমাসিক ভিত্তিতে এবং নির্ধারিত সময়ের মধ্যে অর্জন নিশ্চিত করতে হবে।
- ২.২। সূচকের লক্ষ্যমাত্রা অর্জনে কোথাও কোন দুর্বলতা বা ঘাটতি থাকলে তা খুঁজে বের করে নির্ধারিত সময়ের মধ্যে সমাধান করতে হবে।
- ২.৩। কর্মসম্পাদন সূচক ১.৪ অনুযায়ী ৪র্থ কোয়ার্টারে জাতীয় শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন নিশ্চিত করতে হবে।
- ২.৪। কর্মসম্পাদন সূচক ১.৮ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।
- ২.৫। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর কর্মসম্পাদন সূচক ৩.৩ অনুযায়ী প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজন করতে হবে। উক্ত গণশুনানীতে বিভিন্ন শ্রেণীর সেবা গ্রহীতাদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(কাজী আবেদ হোসেন)


পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)

নং-৫৮.০২.০০০০.০০৫.০০.০০৫.০২১. ২৬৭৪

২১ বৈশাখ, ১৪২৯
তারিখ: -----
২৪ এপ্রিল, ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: অতিরিক্ত সচিব, মাদক অনুবিভাগ)।
- ২। পরিচালক (প্রশাসন/অপারেশনস/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
- ৩। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
- ৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
- ৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা।
- ৬। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৮। সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।
- ৯। রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগার, চট্টগ্রাম।
- ১০। উপপরিচালক (.....) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,.....।
- ১১। সহকারী পরিচালক (.....) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন.....।
- ১২। সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১৩। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৪। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৫। অফিস কপি।


 (মোহাম্মদ মামুন)

উপপরিচালক (প্রশাসন)

মোবাইল : +৮৮ ০১৪০৪০৭২০১৪

ইমেইল: ddadmin@dnc.gov.bd